



জনসংযোগ কার্যালয়  
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়  
সাভার, ঢাকা, বাংলাদেশ  
ফোন: ০২২২৪৪৯১০৪৫-৫১  
ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২  
ওয়েবসাইট: www.juniv.edu



প্রেস বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়  
বঙ্গবন্ধুর ৪৭তম শাহাদাৎ বার্ষিকী উপলক্ষে আলোচনা অনুষ্ঠিত ॥

জাতি-রাষ্ট্র সৃষ্টি এবং সভ্যতা বিনির্মাণে বঙ্গবন্ধুর দর্শন ছিল অত্যন্ত উচ্চমানের  
- অধ্যাপক ড. খুরশীদা বেগম

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ৩১ আগস্ট ২০২২।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদাৎ বার্ষিকী এবং জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা সভায় প্রধান অতিথির ভাষণে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ডা. মো. এনামুর রহমান বলেছেন, এদেশের মাটি ও মানুষের প্রতি বঙ্গবন্ধুর প্রেম ও ভালোবাসা ছিল প্রবল। বাঙালির প্রতি তাঁর অসীম বিশ্বাস এবং ভালোবাসার জন্যই তাঁকে প্রাণ দিতে হয়েছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের আয়োজনে আজ বিকেলে বিশ্ববিদ্যালয়ের জহির রায়হান মিলনায়তনের সেমিনার হলে অনুষ্ঠিত এই আলোচনায় প্রধান অতিথি তাঁর ভাষণে আরও বলেন, স্বাধীন বাংলাদেশের মহান স্থপতি বঙ্গবন্ধু এদেশের জনজীবন বদলে দেয়ার জন্য বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছিলেন। সভ্য ও উন্নত সমাজ প্রতিষ্ঠার মাধ্যমে তিনি এদেশকে সোনার বাংলায় পরিণত করতে চেয়েছেন। কিন্তু রাষ্ট্রীয় দায়িত্বে অধিষ্ঠিত হওয়ার মাত্র সাড়ে তিন বছরের মধ্যে ঘাতকের বুলেটে তিনি সপরিবারে শহীদ হন। বঙ্গবন্ধুর অসমাপ্ত কাজ সম্পাদনে তাঁর কন্যা বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনা নিরলসভাবে পরিশ্রম করে যাচ্ছেন। প্রধানমন্ত্রীর এ কাজে সকলকে সহযোগী হতে হবে। অনুষ্ঠানে মুখ্য আলোচকের বক্তব্যে খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের 'বঙ্গবন্ধু চেয়ার প্রফেসর' এবং সাবেক তথ্য কমিশনার ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সরকার ও রাজনীতি বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক ড. খুরশীদা বেগম বলেন, জাতি-ধর্ম, বর্ণ সকলের প্রতি ভালোবাসা শেখ মুজিবুর রহমান পরিবারের কাছ থেকে শিখেছিলেন। জাতি-রাষ্ট্র সৃষ্টি এবং সভ্যতা বিনির্মাণে বঙ্গবন্ধুর দর্শন ছিল অত্যন্ত উচ্চমানের। রাষ্ট্রের জনগণের মধ্যে শাসক এবং শোষিত-এই শ্রেণি বিভাগ করে বঙ্গবন্ধু শোষিতের পক্ষে অবস্থান নিয়ে গণমানুষের শ্রদ্ধা ও ভালবাসা অর্জন করেছিলেন। খুনিচক্রের বুলেটে বঙ্গবন্ধু শহীদ হলেও তিনি চিরঞ্জীব হয়ে আছেন। উপাচার্য অধ্যাপক ড. মো: নূরুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপ-উপাচার্য অধ্যাপক শেখ মো: মনজুরুল হক, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. রাশেদা আখতার। রেজিস্ট্রার (চুক্তি ভিত্তিক) রহিমা কানিজের পরিচালনায় অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. লায়েক সাজ্জাদ এন্ডেল্লাহ, অফিসার সমিতির সভাপতি আজিম উদ্দিন খান, কর্মচারী সমিতির সভাপতি আব্দুর রহিম, ছাত্রলীগ জাবি শাখার সভাপতি আকতারুজ্জামান সোহেল এবং সাধারণ সম্পাদক হাবিবুর রহমান লিটন।

ড. মোহাম্মদ মহিউদ্দিন  
পরিচালক (ভারপ্রাপ্ত)

